দৈনিক খবর 6

তারিখ ... 26 MAY 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 6 ...

# ...পুর মেডিকেল ...জ নয়, শুধু জিয়া ছাত্রাবাস বন্ধ

রংপুর, ২৫শে মে (নিজস্ব সংবাদদাতা)।- রংপুর মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা করা হয়নি। কেবলমাত্র কলেজটির জিয়া ছাত্রাবাস বন্ধ ঘোষণা করা হয়েছে। ১ম ও ২য়

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## রংপুর মেডিকেল

প্রথম পৃষ্ঠার পর

বর্ষের ক্লাসও অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। কলেজ কর্তৃপক্ষ এ কথা জানিয়েছেন।

কর্তৃপক্ষ জানিয়েছে, বিভিন্ন পত্রিকায় প্রকাশিত রংপুর মেডিকেল কলেজ বন্ধ ঘোষণার খবর সঠিক নয়। কলেজ খোলা আছে। ৩য়, ৪র্থ ও ৫ম বর্ষের ছাত্র-ছাত্রীরা হলে থাকবে এবং তাদের পরীক্ষা চলবে। কেবলমাত্র জিয়া ছাত্রাবাসে অবস্থানকারী প্রথম ও দ্বিতীয় বর্ষের ছাত্রদের ক্লাস বন্ধ ঘোষণা করা হয়েছে এবং তাদেরকে ছাত্রাবাস ছেড়ে চলে যেতে বলা হয়েছে। ঐ ছাত্রাবাসে প্রথম ও ২য় বর্ষের ২৪০ জন ছাত্র থাকতো। তারা ছাত্রাবাস ছেড়ে গেছে। বৃহস্পতিবার তাদের ছাত্রাবাস ত্যাগের নির্দেশ দেয়া হয়।

গত বুধবার রাতে ঐ ছাত্রাবাসে বঙ্গবন্ধুর ছবির ওপর ছাত্রদল কর্মীরা চিকা মারলে ছাত্রলীগের (আ-অ) সাথে সংঘর্ষ বাধে। এতে ১০/১৫ জন আহত হলে উত্তেজনার সৃষ্টি হয়। এরই প্রেক্ষিতে ঐ ছাত্রাবাসটি বন্ধ করে দেয়া হয়েছে এবং ১ম ও ২য় বর্ষের ক্লাসও বন্ধ রাখা হয়েছে।